# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৮. ঘর কিংবা মসজিদে এমন কিছু রাখা যা নামাযীকে নামায থেকে গাফিল করে

আসলামিয়্যাহ্ (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি উসমান (রা.) কে জিজ্ঞাসা করেছিলাম ; রাসূল (সা.) (কা'বা ঘরে ঢুকে) আপনাকে ডেকে কি বলেছিলেন: তখন তিনি বলেন: রাসূল (সা.) আমাকে বলেছিলেন:

إِنِّيْ نَسِيْتُ أَنْ آمُرَكَ أَنْ تُخَمِّرَ الْقَرْنَيْنِ ؛ فَإِنَّهُ لَيْسَ يَنْبَغِيْ أَنْ يَكُوْنَ فِيْ الْبَيْتِ شَيْءٌ يَشْغَلُ الْمُصَلِّيَ

"আমি তোমাকে শিঙ দু'টো ঢাকার আদেশ করতে ভুলে গিয়েছিলাম। (মূলতঃ শিঙ দু'টো ইসমাঈল এর পরিবর্তে যবাই করা ভেড়ারই শিঙ ছিলো) কারণ, কা'বা ঘর তথা যে কোন মসজিদে এমন কিছু থাকা উচিত নয় যা নামাযীকে নামায থেকে গাফিল করে"।[1]

>

## ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ২০৩০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11278

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন